দৈনিক ইনকিলাব

তারিখ ... 16 NOV 2006 ..
পৃষ্ঠা ১২ কলাম ৬ ...

# ৩০% মহিলা শিক্ষক নিয়োগ আদেশ বাতিল করে মাদ্রাসা শিক্ষা রক্ষা করুন

## —জমিয়াতুল মোদার্রেছীন

স্টাফ রিপোর্টার

মাদ্রাসা শিক্ষকদের একমাত্র অরাজনৈতিক সংগঠন বাংলাদেশ জমিয়াতুল মোদার্রেছীনের মহাসচিব আলহাজ মাওলানা শাব্বীর আহমদ মোমতাজী বলেন, পুরুষ মাদ্রাসায় ৩০% মহিলা শিক্ষক নিয়োগের আদেশ বাতিল ৫-এর পৃঃ ৩-এর কঃ দেখুন

## ৩০% মহিলা শিক্ষক নিয়োগ

১২-এর পৃষ্ঠার পর

করে মাদ্রাসা শিক্ষাকে রক্ষা করুন। ঢাকার বিভিন্ন মাদ্রাসা প্রধান ও শিক্ষক নেতৃবৃন্দ জমিয়াতের কেন্দ্রীয় দপ্তরে তার সাথে সাক্ষাৎ করতে আসলে তাদের উদ্দেশে বক্তব্যে তিনি একথা বলেন। জমিয়াত মহাসচিব বলেন, মাদ্রাসায় ৩০% মহিলা শিক্ষক নিয়োগের বাধ্যবাধকতা থাকায় মাদ্রাসায় শিক্ষক নিয়োগ করা যাচ্ছে না বিধায় মাদ্রাসাগুলো শিক্ষকশূন্য হয়ে যাচ্ছে। শিক্ষক শূন্যতার ফলে লেখাপড়ার বিরাট ক্ষতি হয়ে যাচ্ছে। যেখানে যোগ্য পুরুষ ভাইস-প্রিন্সিপাল, মোহাদ্দিস, মোফাসসির, ফকিহ, আদীব, আরবী প্রভাষক পাওয়া যাচ্ছে না সেখানে মহিলা শিক্ষক পাওয়া অসম্ভব। এ বিষয়ে বিগত সরকারের প্রধানমন্ত্রীসহ সংশ্লিষ্ট সকলের কাছে বহুবার ধরনা দিয়েও কোন সুফল হয়নি। বিভিন্ন মাদ্রাসায় নিয়োগকৃত কয়েকহাজার শিক্ষক এমপিওভুক্তির জন্য শিক্ষা অধিদপ্তরের কাগজপত্রাদি দাখিল করেছেন, কিন্তু ৩০% মহিলা শিক্ষক নিয়োগের আদেশের কারণে তারা বেতন ছাড়া মানবেতর জীবনযাপন করছেন। এমতাবস্থায় বর্তমান নির্দলীয় তত্ত্বাবধায়ক সরকারের প্রধান উপদেষ্টাসহ সংশ্লিষ্ট সকলের এ বিষয়ে সুদৃষ্টি কামনা করেন। তিনি বলেন, প্রধান উপদেষ্টা একজন শিক্ষাবিদ ও শিক্ষক এবং বর্তমান তত্ত্বাবধায়ক সরকারের শিক্ষা সচিবও একজন শিক্ষক ছিলেন, তাই মাদ্রাসা শিক্ষা রক্ষার স্বার্থে ৩০% মহিলা শিক্ষক নিয়োগের আদেশ বাতিলসহ অন্যান্য বিষয় বিশেষ করে বেসরকারী শিক্ষকদের ১০% বেতন বৃদ্ধি বিষয়ে প্রতিষ্ঠানের আয় সরকারী কোষাগারে জমা দেয়ার বিষয়ে যে অবাস্তব প্রজ্ঞাপন জারি করা হয়েছে তাও বাতিল করবেন বলে তিনি আশা প্রকাশ করেন। শিক্ষক নেতৃবৃন্দসহ জমিয়াত মহাসচিব স্কুল, কলেজ, মাদ্রাসার কমিটি থেকে রাজনৈতিক ব্যক্তিবর্গকে সরিয়ে দেয়ার আদেশ প্রদানকে অভিনন্দন জানান। মাওলানা মোমতাজী শিক্ষক অবসর সুবিধা বোর্ড ও শিক্ষক কর্মচারী কল্যাণ ট্রাস্টের কমিটিতে বিগত সরকারের শিক্ষামন্ত্রীর পছন্দের